



## মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

কার্যালয়ঃ ৩৪৬/২, ঢোলাদিয়া রোড, কাঠগোলা বাজার, ময়মনসিংহ

ফোন : ০৯১-৬৩৩৩৩ (অনুসন্ধান)

E-mail : [chairmanbisemym@gmail.com](mailto:chairmanbisemym@gmail.com),

[www.mymensingheducationboard.gov.bd](http://www.mymensingheducationboard.gov.bd)

নং- মশিবো/ময়মন/বিদ্যা/২০১৯/ ২২৬৫

তারিখঃ ১৩/০২/২০২০

প্রেরকঃ বিদ্যালয় পরিদর্শক,  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ময়মনসিংহ।

বিষয়ঃ বিদ্যালয়ের এডহক কমিটির সভাপতি কর্তৃক মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহের প্রধান শিক্ষকের সাময়িক বরখাস্ত বিধি বহির্ভূত মর্মে প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) প্রধান শিক্ষকের ২০/০১/২০২০ তারিখের আবেদন।

(২) সভাপতির আবেদন ও সাময়িক বহিষ্কারের সিদ্ধান্ত বোর্ডে প্রেরণ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয় (EIIN- 112212) ত্রিশাল, ময়মনসিংহের প্রধান শিক্ষককে এডহক কমিটির ১৮/০১/২০২০ তারিখের জরুরী সভায় সাময়িক বরখাস্ত করা হয় ও সহকারি প্রধান শিক্ষক জনাব মোঃ আবুল খায়ের আকন্দকে ভারপ্রাপ্ত প্রধান শিক্ষক হিসেবে দায়িত্ব প্রদান করা হয়। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের চাকুরিবিধি ১৯৭৯ - এর ১১ বিধি মোতাবেক কোন শিক্ষকের বিরুদ্ধে সাময়িক বরখাস্ত করণের যে সকল কার্যক্রম গ্রহন করতে হয় সে সকল বিধি-বিধান প্রধান শিক্ষক জনাব আবু মোতাহার মোঃ নিয়ামুল বাকী- এর উপর যথাযথভাবে অনুসৃত হয়নি। এছাড়া চাকুরিবিধি ১৯৭৯- এর ১৩(১) মোতাবেক কোন শিক্ষককে সাময়িকভাবে বরখাস্তের ক্ষমতা কেবল মাত্র "নিয়োগকারী কর্তৃপক্ষ"- এর নিকট অর্পিত। যেহেতু এডহক কমিটির সভাপতি "নিয়োগকারী" কর্তৃপক্ষ নয়; সেহেতু সাময়িক বরখাস্তের বিষয়টি বিধিসম্মত নয়। এডহক কমিটির উল্লেখিত কার্যক্রম বোর্ড বিধি ৩৮(১) উপ-প্রবিধান (২) এ উল্লেখিত শর্ত সাপেক্ষে প্রবিধান ৩৬- এর পরিপন্থী। উল্লেখ্য যে, এডহক কমিটির ১৮/০১/২০২০ তারিখের সভায় ভারপ্রাপ্ত প্রধান শিক্ষকের দায়িত্ব প্রদান আইন বহির্ভূত।

এমতাবস্থায়, সহকারী প্রধান শিক্ষকের মাধ্যমে বিদ্যালয়ের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রম পরিচালনা না করে বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব আবু মোতাহার মোঃ নিয়ামুল বাকীকে বিদ্যালয়ের আর্থিক ও প্রশাসনিক কার্যক্রমসহ অন্যান্য দায়িত্ব পালনের জন্য নির্দেশ প্রদান করা হলো।

প্রাপকঃ সভাপতি  
এডহক কমিটি  
মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়  
(EIIN- 112212)  
ত্রিশাল, ময়মনসিংহ।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে  
স্বাঃ


(ড. মোঃ দিদারুল ইসলাম)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।

মেমো নং- ২২৬৫(৫)

তারিখঃ ১৩/০২/২০২০

অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. উপজেলা নির্বাহী অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।
২. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ত্রিশাল, ময়মনসিংহ।  
(পত্রাদেশ বাস্তবায়ন নিশ্চিতকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)
৪. প্রধান শিক্ষক, মোহাম্মদপুর উচ্চ বিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।
৫. অফিস কপি।

  
13.02.2020  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড  
ময়মনসিংহ।